দৈনিক ইত্তেফাক

10 MAR 2015

দৈনিক ইত্তেফাক

জাতীয় বিশ্ববিদ্যালয়

# কাল মাস্টার্স ১ম পর্ব ডিপ্লোমা ভর্তির মেধা তালিকা প্রকাশ

■ গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১২-১৩ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) এবং ২০১৪ শিক্ষাবর্ষে মাস্টার্স/ স্পেশাল এডুকেশন /ডিপ্লোমা (প্রফেশনাল) ডিগ্রি ভর্তির মেধা তালিকা আগামীকাল বুধবার প্রকাশ করা হবে। উভয় ফল SMS এর মাধ্যমে বিকাল ৪টা থেকে যেকোন মোবাইল মেসেজ অপশনে গিয়ে- মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) এর জন্য NU<space>ATMP<space>Roll No. এবং মাস্টার্স/স্পেশাল এডুকেশন /ডিপ্লোমা (প্রফেশনাল) এর জন্য NU<space>ATPM<space>Roll No. লিখে ১৬২২২ নম্বরে মেসেজ Send করলে এবং রাত ৯টায় ওয়েব সাইট www.nu.edu.bd/ admissions থেকে ফল পাওয়া যাবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.edu.bd/ admissions) থেকে জানা যাবে।

### ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার সময়সূচি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা আগামী ২৮ মার্চ থেকে শুরু হয়ে ৩০ মে শেষ হবে। পরীক্ষার সময়সূচি ও নির্দেশনা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.edu.bd এবং www.nu.edu.bd/degree এ পাওয়া যাবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর সূত্রে এ তথ্য জানা গেছে।